দৈনিক ইনকিলাব

তারিখ 13 JUL 1998
পৃষ্ঠা ৬ কলাম ৪

### বাউফল জমিয়াতুল মোদার্রেছিনের মহাসচিব

# মাদ্রাসা বন্ধের চক্রান্তের বিরুদ্ধে সতর্ক ও প্রস্তুত থাকতে হবে

**বাউফল থেকে নিজস্ব সংবাদদাতা :** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছিনের মহাসচিব আবদুল লতিফ মাদ্রাসা বন্ধের চক্রান্তের বিরুদ্ধে মাদ্রাসা শিক্ষকদেরকে প্রস্তুত থাকার আহবান জানিয়েছেন। তিনি বাউফল থানার মাদ্রাসা শিক্ষকদের সম্মেলনে প্রধান অতিথির ভাষণে আরো বলেন, বলা হচ্ছে, মাদ্রাসায় নকল হয়। অথচ ম্যাজিস্ট্রেট মারে কারা? সরকারী গাড়ী পোড়ায় কারা? এর কোথায়ও তো মাদ্রাসা ছাত্র নেই। তারপরও চক্রান্তকারীরা বলে, মাদ্রাসা শিক্ষার প্রয়োজন নেই। এসব চক্রান্তের বিরুদ্ধে সতর্ক ও প্রস্তুত থাকতে হবে। তিনি আরো বলেন, শিক্ষকদেরকে নানাভাবে বেইজ্জত করা হয়। সরকারী স্কুল-কলেজে যেখানে পাস-ফেলের ব্যাপার নেই সেখানে বেসরকারী স্কুল-কলেজে পাস-ফেলের শর্ত দেয়া হয়। অথচ ৭৫% ভাগ ছাত্রছাত্রী পাস করে বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসা থেকে। এ প্রসঙ্গে তিনি বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষকদেরকে ঐক্যবদ্ধভাবে আন্দোলন করার আহবান জানান। তিনি শিক্ষার মান উন্নয়নের জন্য প্রস্তাব করে বলেন, অন্তত ২ বছরের জন্য শিক্ষকদেরকে পাসের শর্তের পরিবর্তে শিক্ষার মান বাড়ানোর কথা বললে শিক্ষকরা শিক্ষার মান বাড়াতে সক্ষম হবে।

বাউফল থানা জমিয়াতুল মোদার্রেছীন-এর ভারপ্রাপ্ত সভাপতি এ বি এম মোশাররফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- যুগ্ম মহাসচিব মাওলানা নূর মোহাম্মদ খান, জেলা সভাপতি মাওলানা মোঃ ইউসুফ খান, মাওলানা আবদুল গনি, মাওলানা নূর মোহাম্মদ, মাওলানা আবদুল মান্নান, মাওলানা আবুল বসার হেলালী প্রমুখ।

...TION AND STATISTICS
SHEET — OF — SHEETS